বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
প্রশাসন বিভাগ
স্বাধীনতা ভবন
৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
Website: www.bffwt.gov.bd

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট প্রধান কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক বনভোজন ২০২৫ উপলক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ ইসমাইল হোসেন ব্যবস্থাপনা পরিচালক বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
তারিখ ও সময়	:	২৩-০২-২০২৫ খ্রি. তারিখ, সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান	:	সভাকক্ষ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বনভোজন পরিচালনা কমিটির সদস্য-সচিব জনাব মোঃ ফয়েজ আহমেদ খান, যুগ্ম পরিচালক (প্রশাসন) জানান যে, ঢাকার আশেপাশের উল্লেখযোগ্য পিকনিক স্পটসমূহ পরিদর্শন করে ঢাকার ধামরাইস্থ আলাদীনস পার্ক লি:-এ আগামী ২৮-০২-২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ বনভোজনের জন্য বুকিং দেয়া হয়েছে। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচ্যসূচি	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত
	ভেন্যুর পরিস্কার-পরিচ্ছন্নপূর্বক নামকরণ (চিহ্নিতকরণ)	আলাদীনস পার্ক লি: এর বরাদ্দকৃত জায়গা পরিস্কার করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি বলেন, বরাদ্দকৃত জায়গার উল্লেখযোগ্য অংশ (কিচেন, টয়লেট, কফি মেশিন রাখার স্থান, খাবারের স্থান, মঞ্চ) পরিস্কার-পরিচ্ছন্নপূর্বক নামকরণ (চিহ্নিতকরণ) করতে হবে, ট্রাস্টের পরিচিতি, প্রচার-প্রসার সম্বলিত ব্যানার, ফেস্টুন, প্ল্যাকার্ড দিয়ে সাজাতে হতে এবং মঞ্চ সু-সজ্জিত করতে হবে। সংরক্ষিত রেস্টরুমের দরজায় নাম লিখে সংরক্ষণ করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।	আলাদীনস পার্ক লি: এর বরাদ্দকৃত জায়গার উল্লেখযোগ্য অংশ (কিচেন, টয়লেট, কফি মেশিন রাখার স্থান, খাবারের স্থান, মঞ্চ) পরিস্কার-পরিচ্ছন্নপূর্বক নামকরণ (চিহ্নিতকরণ) করতে হবে। ট্রাস্টের পরিচিতি, প্রচার-প্রসার সম্বলিত ব্যানার, ফেস্টুন, প্ল্যাকার্ড দিয়ে সাজাতে হবে এবং মঞ্চ সু-সজ্জিত করতে হবে। সংরক্ষিত রেস্টরুমের দরজায় নাম লিখে সংরক্ষণ করতে হবে। বাস্তবায়নকারী: ক) অভ্যর্থনা ও আপ্যায়ন সাব-কমিটি খ) ভেন্যু বুকিং ও ব্যবস্থাপনা সাব-কমিটি
	সকালের নাস্তা	সকালের নাস্তা পরিবেশনের বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি কলা, পাউরুটি, সিদ্ধ ডিম, মিষ্টি অথবা ছানা, পানি প্যাকেট করে ২৮-০২-২০২৫ তারিখ সকালে প্রতিটি যানবাহনে পরিবেশনের জন্য নির্দেশনা দেন।	সকালের নাস্তা হিসেবে কলা, পাউরুটি, সিদ্ধ ডিম, মিষ্টি অথবা ছানা, পানি প্যাকেট করে ২৮-০২-২০২৫ তারিখ সকালে প্রতিটি যানবাহনে পরিবেশন করতে হবে। বাস্তবায়নকারী: অভ্যর্থনা ও আপ্যায়ন সাব-কমিটি
	দুপুরের খাবার	ভেন্যুতে দুপুরের খাবার হিসেবে পোলাও, সবজি (মিক্সড), মুরগীর রোষ্ট, গরুর রেজালা, সালাদ, কোল্ড ড্রিংস পরিবেশনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	ভেন্যুতে দুপুরের খাবার হিসেবে পোলাও, সবজি (মিক্সড), মুরগীর রোষ্ট, গরুর রেজালা, ফিরনী, কোল্ড ড্রিংস পরিবেশন করতে হবে। বাস্তবায়নকারী: অভ্যর্থনা ও আপ্যায়ন সাব-কমিটি
	বিকালের নাস্তা	সন্ধ্যার আগেই পিকনিক স্পট ত্যাগ করতে হবে। ফেরার পথে একটি কমলা অথবা আপেল প্রতিটি যানবাহনে পরিবেশনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) সন্ধ্যার আগেই পিকনিক স্পট ত্যাগ করতে হবে; খ) ফেরার পথে একটি কমলা অথবা আপেল প্রতিটি যানবাহনের সকলকে পরিবেশন করতে হবে। বাস্তবায়নকারী: অভ্যর্থনা ও আপ্যায়ন সাব-কমিটি
	কফি মেশিন স্থাপন	ভেন্যুতে কফি মেশিন স্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়। সকাল ০৯ টা থেকে ১০ টা এবং বিকাল ০৪ টা থেকে ০৫ টা পর্যন্ত কফি পরিবেশন করতে হবে	ক) ভেন্যুতে কফি মেশিন স্থাপন করতে হবে; খ) সকাল ০৯ টা থেকে ১০ টা এবং বিকাল ০৪ টা থেকে ০৫ টা পর্যন্ত কফি পরিবেশন করতে হবে।

অপর পৃষ্ঠ দ্রষ্টব্য

CamScanner

ক্রমিক	আলোচ্যসূচি	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত
	যানবাহন ভাড়া	যানবাহন ভাড়া করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি পিকনিক স্পটে আসা-যাওয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যক যানবাহন ভাড়া করার জন্য নির্দেশনা দেন	পিকনিক স্পটে আসা-যাওয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যক যানবাহন ভাড়া করতে হবে। বাস্তবায়নকারী: ভেন্যু বুকিং ও ব্যবস্থাপনা সাব-কমিটি
	মালামাল ক্রয়ে কৃচ্ছতা সাধন	সভাপতি বলেন, বনভোজনের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে মালামাল ক্রয়ের ক্ষেত্রে অবশ্যই কৃচ্ছতা সাধন করতে হবে। প্রয়োজন ছাড়া অর্থ ব্যায় করা যাবেনা। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।	বনভোজনের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে মালামাল ক্রয়ের ক্ষেত্রে অবশ্যই কৃচ্ছতা সাধন করতে হবে। প্রয়োজন ছাড়া অর্থ ব্যায় করা যাবেনা। বাস্তবায়নকারী: অর্থ, বাজেট ও ক্রয় সাব-কমিটি :
	মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান, র‍্যাফেল ড্র ও খেলাধুলার আয়োজন।	সভাপতি বনভোজন প্রাঙ্গনে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান, র‍্যাফেল ড্র ও খেলাধুলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।	বনভোজন প্রাঙ্গনে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান, র‍্যাফেল ড্র ও খেলাধুলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নকারী: সাংস্কৃতিক অনুষ্ঠান, র‍্যাফেল ড্র ও খেলাধুলা সাব-কমিটি:

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/২/২০২৫

(মোঃ ইসমাইল হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোনঃ ২২৩৩৫০৭৬৪
E-mail: mdbffwt@yahoo.com

স্মারক নং- ৪৮.০১.০০০০.১০২.৩৫.১১৬.১২. ১৪০৮

তারিখ: ১১ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। পরিচালক (প্রশাসন/অর্থ/বাণিজ্য ও উন্নয়ন/কল্যাণ ও গবেষণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
০২। অতি: পরিচালক/যুগ্ম পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন/কল্যাণ ও গবেষণ/প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৩। ইউনিট প্রধান (সকল)..... বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৪। সহকারী প্রধান প্রকৌশল (সিভিল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৫। সহকারী প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা, অর্থ বিভাগ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৬। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা (বিষয়টি ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
০৮। উপ-সহকারী পরিচালক, ভূমি ও আইন শাখা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৯। অফিস কপি।

২৪/২/২৫

(মোঃ ফয়েজ আহমেদ খান)
যুগ্ম পরিচালক (প্রশাসন)
প্রশাসন বিভাগ
সেলফোনঃ ০১৭১২-৩৮৯৯১৪

CamScanner